রেজিস্টার্ড নং ডি এ-১

BGMEA

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ৩১, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ১৬ কার্তিক ১৪১৭ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০১০ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৬০-আইন/২০১০/শ্রকম/অধিশাখা-৬/নিমনি-৯/২০০৯।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন নিম্নতম মজুরী বোর্ড কর্তৃক নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে এবং "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত হারে "গার্মেন্টস" শিল্প সেক্টরের শ্রমিকগণের জন্য সুপারিশকৃত নিম্নতম মজুরীর হার ঘোষণা করিল, যথা ঃ—

শর্তাবলী ঃ

(১) বাংলাদেশে অবস্থিত "গার্মেন্টস" শিল্প সেক্টরে নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন পদবী, কাজের ধারা ও প্রকৃতি, জ্ঞান ও অভিজ্ঞতা, দক্ষতা ও পারিপার্শ্বিক অবস্থা, ইত্যাদি বিবেচনাক্রমে শ্রমিকদের যথাক্রমে (১) গ্রেড-১, (২) গ্রেড-২, (৩) গ্রেড-৩, (৪) গ্রেড-৪, (৫) গ্রেড-৫, (৬) গ্রেড-৬, ও (৭) গ্রেড-৭ এই ০৭ (সাত) শ্রেণীতে এবং কর্মচারীদের যথাক্রমে (১) গ্রেড-১, (২) গ্রেড-২, (৩) গ্রেড-৩, ও (৪) গ্রেড-৪ এই ০৪ (চার) শ্রেণীতে বিভক্ত করিয়া পদবিন্যাস করা হয় যাহা এতদ্‌সংগে সংযোজিত তফসিলের "ক" ও "খ" পরিচ্ছেদ উল্লেখ করা হইয়াছে।

(২) "ক" ও "খ" পরিচ্ছেদে উল্লেখিত হারে মাসিক ভিত্তিতে "গার্মেন্টস" শিল্প সেক্টরের শ্রমিক এবং কর্মচারীদের নিম্নতম মজুরী ও সুবিধাদি নির্ধারণ করা হইয়াছে।



মূল্য ঃ টাকা ৪.০০

(৩) "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত নিম্নতম মজুরী বাংলাদেশে অবস্থিত সকল এলাকার "গার্মেন্টস" শিল্প সেক্টরের জন্য প্রযোজ্য হইবে।

(৪) এই ঘোষণার পর হইতে "গার্মেন্টস" শিল্প সেক্টরের মালিকগণ "ক" ও "খ" পরিচ্ছেদে বর্ণিত পদবিন্যাস অনুযায়ী শ্রমিকগণকে যথাযথ পদে সন্নিবেশিত করিয়া মজুরী রেজিস্টারভুক্ত করিবেন এবং মজুরী স্লিপ প্রদান করিবেন।

(৫) "ক" ও "খ" পরিচ্ছেদে উল্লিখিত মজুরী নিম্নতম মজুরী হিসাবে গণ্য হইবে, অর্থাৎ প্রদেয় মজুরী ঘোষিত হইতে কম হইবে না। উক্ত মজুরী অপেক্ষা কোথাও যদি অধিকহারে মজুরী প্রদত্ত হইয়া থাকে, তবে তাহা হ্রাস করা যাইবে না। নিয়োগকর্তা/মালিকপক্ষ ইচ্ছা করিলে নিজেদের উদ্যোগে বা এককভাবে বা যৌথ চুক্তি অনুযায়ী কোন শ্রমিক অথবা শ্রমিকদের অধিক হারে মজুরী প্রদান করিতে পারিবেন।

(৬) কোন "গার্মেন্টস" শিল্প সেক্টরে যদি কোন শ্রমিক ঠিকাদারের মাধ্যমে নিয়োজিত হইয়া মজুরীপ্রাপ্ত হইয়া থাকেন তবে সেই শ্রমিকও বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ২(৬৫) অনুযায়ী "শ্রমিক" বলিয়া গণ্য হইবেন এবং উক্ত নিয়োগকারী ঠিকাদার, মালিকের ন্যায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১২১, ধারা ১৫০ এবং ধারা ১৬১ মোতাবেক একই ব্যবস্থা গ্রহণ করিবেন।

(৭) যদি "গার্মেন্টস" শিল্প সেক্টরের মালিক শ্রমিকগণকে ফুরণভিত্তিক (Piece rate) মজুরী দিয়া থাকেন, তাহা হইলে উক্ত মালিককে এই সুপারিশ মোতাবেক শ্রমিকগণের মজুরীর হার এইরূপ হারে সংশোধন করিতে হইবে যাহাতে তাহারা বিভিন্ন শ্রেণীভুক্ত শ্রমিকদের জন্য নির্ধারিত নিম্নতম মজুরী অপেক্ষা কম না পান।

(৮) "ক" ও "খ" পরিচ্ছেদে উল্লিখিত নিম্নতম মজুরী ও সুবিধাদি ছাড়া শ্রমিকগণ কর্মরত প্রতিষ্ঠানে অন্যান্য যে সকল সুযোগ-সুবিধা/ভাতা পাইয়া থাকেন তাহা বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৪৯ ও ধারা ৩৩৬ মোতাবেক বলবৎ থাকিবে।

(৯) এই নিম্নতম মজুরী হারের কার্যকাল শ্রম আইন, ২০০৬ দ্বারা নিয়ন্ত্রিত হইবে।

## "ক" পরিচ্ছেদ

| শ্রমিক পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (৪০% হারে) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | মোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| **গ্রেড-১ ঃ** | ৬,৫০০/- | ২,৬০০/- | ২০০/- | ৯,৩০০/- |

(১) প্যাটার্ন মাস্টার;

(২) চীফ কোয়ালিটি কন্ট্রোলার;

(৩) চীফ কাটিং মাস্টার/কাটিং চীফ; ও

(৪) চীফ মেকানিক।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| গ্রেড-২ ঃ | ৫,০০০/- | ২,০০০/- | ২০০/- | ৭,২০০/- |

(১) মেকানিক/ইলেকট্রিশিয়ান; ও

(২) কাটিং মাস্টার;

| | | | | |
|---|---|---|---|---|
| গ্রেড-৩ ঃ | ২,৮৭০/- | ১,১৪৮/- | ২০০/- | ৪,২১৮/- |

(১) স্যাম্পল মেশিনিস্ট;

(২) মেকানিক;

(৩) সিনিয়র সেলাই মেশিন অপারেটর;

(৪) সিনিয়র উইনডিং মেশিন অপারেটর;

(৫) সিনিয়র নিটিং মেশিন অপারেটর;

(৬) সিনিয়র লিঙ্কিং মেশিন অপারেটর;

(৭) সিনিয়র কাটার;

(৮) সিনিয়র কোয়ালিটি ইন্সপেক্টর;

(৯) সিনিয়র মার্কার/ সিনিয়র ড্রইংম্যান/ সিনিয়র ড্রইংওম্যান;

(১০) সিনিয়র লাইন লিডার;

(১১) সিনিয়র ওভারলক মেশিন অপারেটর;

(১২) সিনিয়র বাটন মেশিন অপারেটর; ও

(১৩) সিনিয়র কাঞ্চাই মেশিন অপারেটর।

| | | | | |
|---|---|---|---|---|
| গ্রেড-৪ ঃ | ২,৬১৫/- | ১,০৪৬/- | ২০০/- | ৩,৮৬১/- |

(১) সেলাই মেশিন অপারেটর;

(২) উইনডিং মেশিন অপারেটর;

(৩) নিটিং মেশিন অপারেটর;

(৪) লিঙ্কিং মেশিন অপারেটর;

(৫) মার্কার/ড্রইংম্যান/ড্রইংওম্যান;

(৬) কাটার;

(৭) মেন্ডিং অপারেটর;

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|

(৮) প্রেসিংম্যান/প্রেসিংওম্যান/ফিনিসিং আয়রনম্যান/ফিনিসিং আয়রনওম্যান;

(৯) ফোল্ডার (ফিনিশিং সেকশন);

(১০) প্যাকার;

(১১) কোয়ালিটি ইন্সপেক্টর;

(১২) ওভারলক মেশিন অপারেটর;

(১৩) বাটন মেশিন অপারেটর;

(১৪) কাঞ্চাই মেশিন অপারেটর;

(১৫) পলিম্যান/পলিওম্যান;

(১৬) প্যাকিং ম্যান/প্যাকিং ওম্যান; ও

(১৭) লাইন লিডার।

| গ্রেড-৫ ঃ | ২,৩৯৫/- | ৯৫৮/- | ২০০/- | ৩,৫৫৩/- |
|---|---|---|---|---|

(১) জুনিয়র সেলাই মেশিন অপারেটর;

(২) জুনিয়র উইনডিং মেশিন অপারেটর;

(৩) জুনিয়র নিটিং মেশিন অপারেটর;

(৪) জুনিয়র লিঙ্কিং মেশিন অপারেটর;

(৫) জুনিয়র মার্কার/জুনিয়র ড্রইং ম্যান/জুনিয়র ড্রইং ওম্যান;

(৬) জুনিয়র কাটার;

(৭) জুনিয়র মেন্ডিং অপারেটর;

(৮) জুনিয়র প্রেসিংম্যান/জুনিয়র প্রেসিংওম্যান/জুনিয়র ফিনিসিং আয়রনম্যান/জুনিয়র ফিনিসিং আয়রন ওম্যান;

(৯) ফোল্ডার (ফিনিশিং সেকশন);

(১০) জুনিয়র ইলেকট্রিশিয়ান;

(১১) জুনিয়র প্যাকার;

(১২) জুনিয়র ওভারলক মেশিন অপারেটর;

(১৩) জুনিয়র বাটন মেশিন অপারেটর; ও

(১৪) জুনিয়র কাঞ্চাই মেশিন অপারেটর।

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| গ্রেড-৬ ঃ | ২,২৩০/- | ৮৯২/- | ২০০/- | ৩,৩২২/- |

(১) সাধারণ সেলাই মেশিন অপারেটর;

(২) সাধারণ উইনডিং মেশিন অপারেটর;

(৩) সাধারণ নিটিং মেশিন অপারেটর;

(৪) সাধারণ লিঙ্কিং মেশিন অপারেটর;

(৫) সাধারণ মেন্ডিং অপারেটর;

(৬) সাধারণ ফিউজিং মেশিন অপারেটর;

(৭) সাধারণ কালার টার্নিং মেশিন অপারেটর;

(৮) সাধারণ ওভারলক মেশিন অপারেটর;

(৯) সাধারণ বাটন মেশিন অপারেটর; ও

(১০) সাধারণ কাঞ্চাই মেশিন অপারেটর।

| | | | | |
|---|---|---|---|---|
| গ্রেড-৭ ঃ | ২,৫০০/- | ৮০০/- | ২০০/- | ৩,৫০০/- |

(১) সহকারী সেলাই মেশিন অপারেটর;

(২) সহকারী উইনডিং মেশিন অপারেটর;

(৩) সহকারী নিটিং মেশিন অপারেটর;

(৪) সহকারী লিঙ্কিং মেশিন অপারেটর;

(৫) সহকারী মেন্ডিং অপারেটর;

(৬) সহকারী কাটার;

(৭) সহকারী মার্কার/সহকারী ড্রইংম্যান/সহকারী ড্রইং ওম্যান;

(৮) পকেট ক্রিজিং মেশিন অপারেটর/ক্রিজিং ম্যান/ক্রিজিং ওম্যান;

(৯) লাইন আয়রনম্যান/লাইন আয়রন ওম্যান;

(১০) সহকারী ড্রাই ওয়াশিং ম্যান/সহকারী ড্রাই ওয়াশিং ওম্যান;

(১১) ওভারলক মেশিন সহকারী;

(১২) বাটন মেশিন সহকারী;

(১৩) কাঞ্চাই মেশিন সহকারী; ও

(১৪) ফিনিসিং সহকারী।

* শিক্ষানবিস/ট্রেইনী ঃ

শিক্ষানবিস/ট্রেইনীগণ মাসে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা প্রশিক্ষণ ভাতা পাইবেন। তাহাদের শিক্ষানবিসকাল হইবে ৩(তিন) মাস। তবে শর্ত থাকে যে, একজন শ্রমিকের ক্ষেত্রে তাহার শিক্ষানবিসকাল আরও ৩(তিন) মাস বৃদ্ধি করা যাইবে যদি কোন কারণে প্রথম ৩(তিন) মাস শিক্ষানবিসকালে তাহার কাজের মান নির্ণয় করা সম্ভব না হয়। শিক্ষানবিসকাল শেষে উক্ত শিক্ষানবিস/ট্রেইনীগণ সংশ্লিষ্ট গ্রেডের শ্রমিক হিসাবে নিযুক্ত হইবেন।

"খ" পরিচ্ছেদ

| কর্মচারী পদবিন্যাস ও শ্রেণী বিভাগ | মূল মজুরী (টাকা) | বাড়ী ভাড়া ভাতা (৪০% হারে) (টাকা) | চিকিৎসা ভাতা (টাকা) | মোট মজুরী (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
| গ্রেড-১ ঃ | ৪,৫০০/- | ১,৮০০/- | ২০০/- | ৬,৫০০/- |

(১) স্টোর কিপার।

| গ্রেড-২ ঃ | ৩,৫০০/- | ১,৪০০/- | ২০০/- | ৫,১০০/- |
|---|---|---|---|---|

(১) হিসাব সহকারী;

(২) স্টোর সহকারী;

(৩) ক্যাশিয়ার;

(৪) ইমপোর্ট সহকারী/এক্সপোর্ট সহকারী; ও

(৫) কম্পিউটার অপারেটর।

| গ্রেড-৩ ঃ | ৩,০০০/- | ১,২০০/- | ২০০/- | ৪,৪০০/- |
|---|---|---|---|---|

(১) টাইপিস্ট;

(২) ক্লার্ক/অফিস সহকারী;

(৩) টেলিফোন অপারেটর;

(৪) টাইম কিপার;

(৫) কেয়ারটেকার;

(৬) সিকিউরিটি গার্ড;

(৭) ড্রাইভার; ও

(৮) ক্যাশ সহকারী।

| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
|---|---|---|---|---|
| গ্রেড-৪ ঃ | ২,২০০/- | ৮৮০/- | ২০০/- | ৩,২৮০/- |

(১) পিয়ন;

(২) দারোয়ান/চেকার;

(৩) কুক; ও

(৪) সুইপার।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত মজুরী হার ১৭ কার্তিক ১৪১৭ বঙ্গাব্দ/০১ নভেম্বর ২০১০ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আহসানুল জব্বার**
উপ-সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd